


চিকুনগুনিয়া আপডেট

চিকুনগুনিয়া নিয়ন্ত্রণকক্ষ প্রতিষ্ঠা ও কার্যক্রম

স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের নির্দেশে সারাদেশে চিকুনগুনিয়া পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য পাবলিক হেলথ ইমার্জেন্সী অপারেশন সেন্টার (চিকুনগুনিয়া নিয়ন্ত্রণকক্ষ) প্রতিষ্ঠা করা হয়েছে।

মশাবাহিত রোগসমূহ নিয়ন্ত্রণে ব্যাপক জনসচেতনতা তৈরীর লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম চলছে। বিশেষজ্ঞ ও যথাযথ কর্তৃপক্ষের সহায়তায় চিকুনগুনিয়া নিয়ন্ত্রণকক্ষ হতে সকল কার্যক্রম সমন্বয় করা হবে। রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান ইতিমধ্যে সপ্তাহের ৭ দিন ২৪ ঘন্টা কাজ করার জন্য একটি ওয়ার্কিং গ্রুপ (বিশেষ টিম) গঠন করেছে এবং চিকিৎসক ও সাধারণ জনগনের প্রশ্নের জবাব দেওয়ার জন্য সার্বক্ষণিক হটলাইন চালু রেখেছে।

চিকুনগুনিয়া পরিস্থিতি আপডেট



- জুনের ৪র্থ সপ্তাহ ঈদের বন্ধ থাকায় ঐ সপ্তাহের রোগী সংখ্যা এখানে দেখানো হয় নাই।
- রোগীদের রক্তের নমুনা PCR পরীক্ষার মাধ্যমে নিশ্চিত করা হয়েছে।
- যেহেতু IgM antibody পরীক্ষায় ভুল রিপোর্ট হওয়ার সম্ভবনা থাকে সেহেতু আইইডিসিআর উক্ত পরীক্ষা করানোর জন্য পরামর্শ প্রদান করেনা।

চিকুনগুনিয়া ভাইরাসটি মানুষের মধ্যে মশার মাধ্যমে বিশেষ করে এডিস ইজিপ্টি ও এডিস অ্যালবোপিকটাস মশার মাধ্যমে ছড়ায়। চিকুনগুনিয়া আক্রান্ত বেশীরভাগ রোগীর মধ্যে সাধারণত উচ্চ মাত্রার জ্বর ও গিটেব্যথা দেখা যায়। এছাড়াও মাথাব্যথা, মাংশপেশীতে ব্যথা, গিট ফুলে যাওয়া অথবা দানা দানা র্যাশ দেখা যেতে পারে। চিকুনগুনিয়া প্রতিরোধের কোন ভ্যাকসিন নেই। লক্ষণ অনুযায়ী চিকিৎসা গ্রহন করতে হয়। শুধুমাত্র জনসচেতনতা ও মশক নিয়ন্ত্রণ ই পারে চিকুনগুনিয়া বিস্তার রোধ করতে।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিতজানতে দয়া করে লিংকটি ভিজিট করুন-www.iedcr.gov.bd

অথবা হটলাইন নাম্বারে ফোন করুন- ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০১১